দৈনিক ইনকিলাব

তারিখ 0? DEC 1991 পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬ ...

# শিক্ষাঙ্গন

## বেসরকারী শিক্ষকদের সমস্যা

বাংলাদেশে বর্তমানে বেসরকারী মাধ্যমিক বিদ্যালয়ের সংখ্যা ৮ হাজার ৪শ' ২৯টি। পক্ষান্তরে সরকারী মাধ্যমিক বিদ্যালয়ের সংখ্যা ২শ' ২০টি। শতকরা নব্বই ভাগেরও বেশী ছাত্র-ছাত্রী বেসরকারী বিদ্যালয়ে পড়াশুনা করছে। মাত্র দশ শতাংশেরও কম ছাত্র-ছাত্রী সরকারী বিদ্যালয়ে পড়াশুনা করছে।

সরকারী বিদ্যালয়ে কর্মরত শিক্ষকগণ যে সুযোগ সুবিধা পাচ্ছেন বেসরকারী বিদ্যালয়ে কর্মরত শিক্ষকগণ তা থেকে বঞ্চিত। দেশের ৪টি শিক্ষা বোর্ডের ফাইনাল পরীক্ষার ফলাফলে সম্মিলিত মেধা তালিকায় অধিকাংশ স্থান জুড়ে সব সোনালী নাম ভাস্বর হয়ে উঠে। এটা বেসরকারী শিক্ষকদেরই কর্তব্যনিষ্ঠার উজ্জ্বল প্রমাণ। তবুও এ বৈষম্য কেন? এ ব্যাপারে কর্তৃপক্ষের সদৃষ্টি কামনা করছি।

—মোঃ শহীদুল হক